**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর ক্যাথি হোকল এবং সেন্ট জনস ইউনিভার্সিটি সেন্ট জনস ইউনিভার্সিটির 106 মিলিয়ন ডলারের হেলথ সাইন্স সেন্টারের কাজ শুরু করার ঘোষণা করেছেন

***নতুন অত্যাধুনিক ফেসিলিটিতে 70,000 বর্গ ফুটের শক্তি-দক্ষ শ্রেণী কক্ষ, ল্যাব, অফিসের স্থান উপলব্ধ***

***সেন্টারটিতে নতুন নার্সিং প্রোগ্রাম পরিচালনা করা হবে এবং উইনিভার্সিটির বিস্তৃত হেলথ সাইন্সের পাঠ্যক্রমগুলি একটি একক বিস্তৃত শিক্ষার পরিবেশে একত্রিত করা হবে***

***আন্তর্জাতিক নার্সেস ডেতে, নিয় ইয়র্কের হেলথকেয়ার কর্মীবলের প্রতি আরো ব্যাপক অঙ্গীকারবদ্ধতা প্রতিফলিত করবে বিনিয়োগ***

***ভবনের রেন্ডারিং পাওয়া যাবে [এখানে]***

গভর্নর ক্যাথি হোকল এবং সেন্ট জন ইউনিভার্সিটি আজ সেন্ট জন ইউনিভার্সিটির 106 মিলিয়ন ডলারের হেল্থ সায়েন্সেস সেন্টারের কাজ শুরু হওয়ার কথা ঘোষণা করেছেন, যা একটি নতুন 70,000 বর্গফুট শক্তি-দক্ষ একাডেমিক ভবন যেখানে ক্লাসরুম, পরীক্ষাগার, সিমুলেশন সুবিধা, অফিস স্পেস, সহযোগী স্থান এবং আউটডোর টেরেস রয়েছে। নতুন হেলথ সায়েন্সেস সেন্টারটি 2024 সালের শরতে খোলা হবে বলে প্রত্যাশিত এবং সেন্ট জন ইউনিভার্সিটিতে নতুন স্নাতক নার্সিং প্রোগ্রামের স্থায়ী গৃহ হবে। হেলথ সাইন্সেস সেন্টার নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথরিটি থেকে 5 মিলিয়ন ডলারের নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং অনুদান (New York State Higher Education Capital Matching Grant) এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের উদ্যোগের (Regional Economic Development Council initiative) রাউন্ড XI থেকে 700,000 ডলারের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) অনুদান দ্বারা সমর্থিত।

"গত দুই বছর ধরে, নিউ ইয়র্কের নার্সরা কোভিড-19 মহামারীর প্রথম সারিতে রয়েছে এবং আমরা তাদের প্রত্যেকের কাছে কৃতজ্ঞতার ঋণে ঋণী," **গভর্নর হোকল বলেন।** "সেন্ট জন্স ইউনিভার্সিটির এই নতুন অত্যাধুনিক হেলথ সাইন্সেস সেন্টার নিউ ইয়র্কের সেরা এবং উজ্জ্বল নার্সদের পরবর্তী প্রজন্মকে শিক্ষিত করার জন্য গুরুত্বপূর্ণ হবে, এবং নিশ্চিত করবে যে তারা

তাদের সাথী নিউ ইয়র্কবাসীদের যখন সব চেয়ে বেশি প্রয়োজন হবে তখন তাদের সুরক্ষা দিতে প্রস্তুত থাকবে।"

হেলথ সাইন্সেস সেন্টারে শেণিকক্ষ, অত্যাধুনিক সিমুলেশন স্যুট, ও আধুনিক গবেষণাগারের জায়গা থাকবে। সিমুলেশন শিক্ষা স্বাস্থ্যসেবা শিক্ষার একটি মূল উপাদান, যা ঐতিহ্যগত ক্লিনিকাল অভিজ্ঞতা শেখানোর জন্য দরকারী। সেন্ট জন ইউনিভার্সিটি প্রচন্ড পরিচর্যার রোগীর পরিস্থিতি ব্যবহার করে শিক্ষার্থীদের শৃঙ্খলা সংক্রান্ত জ্ঞানকে তীক্ষ্ণ করতে সিমুলেশন উপাদান ব্যবহার করবে।

সিমুলেশনের সময়, ক্লিনিকাল পরিস্থিতিগুলি একটি নিয়ন্ত্রিত শিক্ষার পরিবেশে ম্যানিকিন, প্রমিত রোগীদের ব্যবহার করে বা ভার্চুয়াল উপায়ে নকল করা হবে যাতে শিক্ষার্থীরা রোগীর নিরাপত্তা ঝুঁকিতে না ফেলে জ্ঞান এবং দক্ষতা প্রয়োগ করতে পারে। সিমুলেশন পরিস্থিতিগুলি ছাত্রদের রোগীদের মূল্যায়ন এবং নিয়ন্ত্রণ করতে, রোগীর সমস্যা চিহ্নিত করতে এবং অগ্রাধিকার দিতে এবং নিরাপদ পরিবেশে কার্যকর রোগীর পরিচর্যার জন্য প্রধান হস্তক্ষেপণগুলি করতে উৎসাহিত করার জন্য তৈরি করা হয়েছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হোপ নাইট বলেন,** "কোভিড-19 মহামারী আমাদের পর্যাপ্ত নার্স স্টাফিংয়ের প্রয়োজনীয়তা দেখিয়েছে, যা সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্পন্ন স্বাস্থ্যসেবার অ্যাক্সেস নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেন্ট জন ইউনিভার্সিটির অত্যাধুনিক হেলথ সায়েন্স সেন্টারে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগ কর্মশক্তি উন্নয়নে আমাদের কৌশলগত ফোকাসকে প্রতিফলিত করে এবং আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে হাইলাইট করে। নতুন হেলথ সাইন্স সেন্টার এই অঞ্চলে নার্সিং কর্মীদের একটি পাইপলাইন তৈরি করে 21 শতকের চাকরি তৈরি করবে যা রাজ্য জুড়ে একটি গুরুত্বপূর্ণ প্রয়োজন পূরণ করতে সহায়তা করবে।"

হেলথ সাইন্স সেন্টারের কাজ শুরু আন্তর্জাতিক নার্স দিবসের সাথে মিলে যায়, যা নার্সিং পেশার গুরুত্বকে তুলে ধরে।
সম্পূর্ণ হলে, নতুন সুবিধাটি সেন্ট জনস ইউনিভার্সিটিকে ছাত্র-নার্সদেরকে সব চেয়ে উদ্ভাবনী প্রশিক্ষণ সরঞ্জাম এবং উপলব্ধ কৌশলগুলির সাথে প্রশিক্ষণ দিতে সক্ষম করবে। নার্সিং এ বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলর অফ সায়েন্স ডিগ্রির জন্য আবেদনগুলি এখন গ্রহণ করা হচ্ছে এবং আগস্টে ক্লাস শুরু করার জন্য শিক্ষার্থীদের প্রথম দলটির প্রস্তুতি চলছে। নতুন স্নাতক নার্সিং প্রোগ্রাম প্রতি বছর আনুমানিক 125 জন নার্সিং স্নাতক তৈরি করবে বলে আশা করা হচ্ছে।

**রাজ্য সিনেটর লেরয় কমরি বলেন,** "আন্তর্জাতিক নার্সেস দিবস উদযাপন করার, আমাদের সম্প্রদায়ের প্রতি সেন্ট জনস ইউনিভার্সিটির প্রতিশ্রুতিকে সম্মান করার এবং এই নতুন স্বাস্থ্য বিজ্ঞান কেন্দ্রে দক্ষতার সাথে প্রশিক্ষণপ্রাপ্ত অগণিত ভবিষ্যত নার্সদের জন্য এই সূচনাকে চিহ্নিত করার জন্য এই নির্মাণ কাজ শুরু হওয়া একটি গৌরবময় উপায়। আমি কৃতজ্ঞ গভর্নর হোচুল, এবং সরকার জুড়ে সহকর্মীদের কাছে, যারা এই হেলথ সাইন্স সেন্টার বাস্তবে পরিণত করার জন্য নিউ ইয়র্কের বহু-বছরের বিনিয়োগের বুদ্ধি প্রদর্শন করেছেন। আমি শিক্ষা, স্বাস্থ্য, এবং

আমাদের ভাগ করা সম্প্রদায়ের উন্নতিতে সেন্ট জনস এর সাথে অংশীদারিত্ব চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

**অ্যাসেম্বলি সদস্য ডেভিড আই. ওয়েপ্রিন বলেন,** "কোভিড -19 মহামারী জুড়ে আমরা আমাদের হাসপাতাল এবং ফ্রন্টলাইন স্বাস্থ্যসেবা কর্মীদের উপর নির্ভর করেছি আমাদের সমর্থন করার জন্য এবং আমাদের সুস্থতার জন্য ত্যাগ স্বীকার করার জন্য। সেন্ট জন ইউনিভার্সিটির নতুন হেলথ সাইন্স সেন্টারের জন্য আজকের সকালের নির্মাণ কাজ শুরুর অনুষ্ঠানে যোগদান করা আমার ছিল আমার জন্য সম্মানের বিষয়। এই সুবিধাটি আমাদের স্বাস্থ্যসেবা শিক্ষা এবং কমিউনিটি পরিকাঠামোতে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। এই আন্তর্জাতিক নার্স দিবসে, আমি আমাদের বর্তমান এবং ভবিষ্যতের স্বাস্থ্যসেবা নায়ক-নায়িকাদের সমর্থনে দাঁড়াতে পেরে গর্বিত।"

**নিউ ইয়র্ক সিটি রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের সহ-চেয়ার উইনস্টন ফিশার, ফিশার ব্রাদার্সের অংশীদার এবং ফেলিক্স ভি. মাতোস রদ্রিগেজ, CUNY-র চ্যান্সেলর বলেন,** "আমাদের কর্মশক্তিতে বিনিয়োগ করা আঞ্চলিক কাউন্সিলগুলির জন্য একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার এবং মহামারীটি দক্ষ নার্সদের প্রতিভার পুল প্রসারিত করার প্রয়োজনীয়তার উপর দৃষ্টি নিবদ্ধ করেছে। NYREDC সেন্ট জন ইউনিভার্সিটির স্বাস্থ্য বিজ্ঞান কেন্দ্রকে সমর্থন করতে পেরে গর্বিত, যা ভবিষ্যতের স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য একটি গুরুত্বপূর্ণ দীর্ঘমেয়াদী বিনিয়োগ হবে যা রাজ্যের অর্থনীতির উন্নতির পাশাপাশি ভাল বেতনের চাকরি সহ আমাদের নার্সদের কর্মশক্তিকে প্রসারিত করবে।"

**সেন্ট জন ইউনিভার্সিটির প্রেসিডেন্ট রেভ. ব্রায়ান জে. শানলি, ওপি বলেছেন,** "নার্সিং কেবল একটি চাকরি বা পেশা নয়, এটি একটি পেশা-সেবার জন্য একটি সত্যিকারের আহ্বান-যা এক ধরনের সহানুভূতিশীল পরিষেবা যা সেন্ট জনসের শিক্ষার রূপান্তরকারী ক্যাথলিক এবং ভিনসেন্টিয়ান মিশনের কেন্দ্রবিন্দুতে রয়েছে। আজ, স্বাস্থ্য বিজ্ঞানে একটি বড় বিনিয়োগ এবং প্রসারিত প্রতিশ্রুতি সহ, সেন্ট জনস সেই আহ্বানের উত্তর দিতে সাহায্য করছে।"

প্রণীত অর্থবছর 2023 বাজেটে, গভর্নর হোকল একটি ঐতিহাসিক 20 বিলিয়ন ডলারের বহু-বছরের বিনিয়োগ সরবরাহ করেছেন স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য আরও ভাল কাজের পরিবেশ তৈরি করতে, যার মধ্যে 1.2 বিলিয়ন ডলার ফ্রন্টলাইন স্বাস্থ্যসেবা কর্মীদের বোনাসের জন্য উৎসর্গীকৃত, এবং অর্থপ্রদানের সংস্কারে 4.5 বিলিয়ন ডলার নিবেদিত। অন্যান্য মাইলফলকসম বিনিয়োগের মধ্যে স্বাস্থ্যসেবা পরিকাঠামোগত উন্নয়নের জন্য বরাদ্দ 2.4 বিলিয়ন ডলার এবং কোভিড-19 মহামারির ফলে আর্থিক সংগ্রামে লিপ্ত হাসপাতালগুলোকে সাহায্য করার জন্য 3.9 বিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

গত বছর গভর্নর হোকল 'নার্সেস ফর আওয়ার ফিউচার' স্কলারশিপের ঘোষণা করেন। বৃত্তিটি 1,000 জন নতুন বা বর্তমান স্বাস্থ্যসেবা কর্মীদের দুই বছরের বা চার বছরের নিউইয়র্ক স্টেট পাবলিক কলেজ বা বিশ্ববিদ্যালয়ে অ্যাসোসিয়েটস ডিগ্রি ইন নার্সিং (Associate's Degree in Nursing, ADN) বা ব্যাচেলরস অফ সায়েন্স ইন নার্সিং (Bachelor's of Science in Nursing, BSN) অর্জনের জন্য টিউশন কভার করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418